

যুগান্তর

তারিখ 27 MAY 2023
পৃষ্ঠা ২ খণ্ডাম ৫

চট্টগ্রামে ফ্রি কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি

চট্টগ্রাম ব্যারো

আগামী ১ জুন থেকে চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন কুলের ছাত্রছাত্রীদের মাসব্যাপী ফ্রি কম্পিউটার প্রশিক্ষণের ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে যৌথভাবে আবুল খায়ের গ্রুপ এবং গেটওয়ে কিডস কুল অব কম্পিউটিং। স্টারশিপ-গেটওয়ে মহাশয় মহাশয় ফ্রি কম্পিউটার শেখা শিরোনামের এই কোর্সে প্রাথমিকভাবে তিন হাজার ছাত্রছাত্রীকে বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হবে।

গতকাল এক অনুষ্ঠানে নগরীর সানশাইন গ্রামার কুলের দ্বিতীয় শ্রেণীর ছাত্রী আনিকা হাতে ভর্তি ফরম ও স্টারশিপ ফ্রি কম্পিউটার কার্ড তুলে প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন আবুল খায়ের গ্রুপের কান্ট্রি ম্যানেজার ওয়াজির হুউ আছম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন গেটওয়ে কিডস কুল অব কম্পিউটিংয়ের এমডি ইমরুল ইসলাম চৌধুরী ইমন, আবুল খায়ের গ্রুপের ব্রাঞ্চ ম্যানেজার শরীফুল ইসলাম, আবুল খায়ের কনসাল্টেন্ট মিস্ট্র এন্ড বেডারেক লিমিটেডের এডিএম মজিবুর রহমান।